# দিনাজপুর সদর উপজেলার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) কমিটির মে/২০১৭ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আব্দুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।
তারিখ ঃ ০৮ মে, ২০১৭ খ্রিঃ
সময় ঃ সকাল-৯.৪৫ টায়।
স্হান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

**সভায় উপস্হিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ঃ**

সভাপতি উপস্হিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর এপ্রিল/২০১৭ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

দিনাজপুর সদর উপজেলায় অনেক শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। তন্মধ্যে কেবলমাত্র ৬টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব ক্লাশ ভিত্তিক কার্যক্রম চলছে। পরিরদর্শন দৃষ্টে দেখা যায় অনেক শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাব কাগজ/কাপড় দিয়ে মুরে রাখা হয়েছে। কোন কাজ করা হচ্ছে না বা ব্যবহার করা হচ্ছে না।

দিনাজপুর সদর উপজেলার ১০টি ইউ.পি ডিজিটাল সেন্টারসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শনপূর্বক নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিলের জন্য সহকারী প্রোগ্রামারকে পুনঃ অনুরোধ করা হলো। সেই সঙ্গে ড্যাশবোডে তথ্য আপলোড করার বিষয়েও নির্দেশনা প্রদানের জন্য সহকারী প্রোগ্রামারকে পুনঃ অনুরোধ করা হলো।

ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোতে সেবার চার্ট তৈরী ও মূল্য সংযোজন করতে হবে। সেবা প্রদান সংক্রান্ত একটি রেজিষ্ট্রার খুলে সেবা প্রদানের বিষয়টি রেজিস্ট্রারে এন্ট্রি করতে ইউডিসি উদ্যোক্তাদের বলা হলো। ইউডিসিগুলোতে বিকাশ সংযোগ চালু ও প্রচারের জন্য ইউডিসি উদ্যোক্তাদের জানানো হলো। অনেক ক্ষেত্রে ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোতে মালামাল অপরিস্কার, অপরিচ্ছন্ন অবস্থায় পরে থাকে। এক্ষেত্রে উদ্যোক্তাদের দৃষ্টি আকর্ষনপূর্বক মালামাল যথাযথভাবে পরিস্কার ও পরিচ্ছন্ন রাখার জন্য বলা হলো। ৫ বছরের উন্নয়ন চিত্র প্রতিটি ডিজিটাল সেন্টারে থাকতে হবে।

নিয়মিত ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ করন, মুক্তিযোদ্ধাদের তালিকা আপলোড, হত-দরিদ্রদের তালিকা আপলোড, এলজিএসপি তালিকা আপলোড করার জন্য এবং জন্ম সনদের রেট নির্ধারণ করে জনসাধারণের সেবার মান উন্নয়নের জন্য বলা হলো। এছাড়া হাট-বাজার ইজারা সংক্রান্ত তথ্যাদি এবং জলমহাল ইজারা ও এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি আপলোড করার জন্য বলা হলো

ডিজিটাল উদ্ভাবনী মেলা/২০১৭ খ্রিঃ বিভাগীয় পর্যায়ে আগামী ১৪ ফেব্রুয়ারী, ২০১৭ খ্রিঃ তারিখ হতে ১৬ ফেব্রুয়ারী, ২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অংশগ্রহণ করে 'জনগণের দোরগোড়ায় সেবা' ক্যাটাগরিতে দিনাজপুর সদর উপজেলা প্রশাসন চ্যাম্পিয়ন হয়। বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ পুরস্কার অর্জনকারী প্রতিষ্ঠানদের জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করতে হবে। 'জনগণের দোরগোড়ায় সেবা' ক্যাটাগরিতে দিনাজপুর সদর উপজেলা জাতীয় পর্যায়ে অংশগ্রহণের জন্য উপজেলার আওতাধীন সকল অফিসসমূহ, শিক্ষা প্রতিষ্ঠান এবং ইউনিয়ন পরিষদসমূহকে জরুরী পদক্ষেপ গ্রহণসহ বিভিন্ন উদ্ভাবনীমূলক কর্মপরিকল্পনা প্রস্তুত পূর্বক অত্রাফিসে দাখিলের জন্য বলা হলো।

দিনাজপুর সদর উপজেলার 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব' অন্তর্ভূক্ত ৬টি শিক্ষা প্রতিষ্ঠানে ১৫-১৭ জানুয়ারী' ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে বিভিন্ন ক্যাটাগরীতে ছাত্র ও আইসিটি ক্লাবের সদস্যদের প্রশিক্ষণ প্রদানের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের প্রশিক্ষনার্থীর তালিকা প্রস্তুত এবং বিল ভাউচার দাখিলের করার জন্য দায়িত্ব প্রদান করা হয়। প্রশিক্ষণ সু-সম্পন্নকরণ পূর্বক বিল ভাউচার দাখিল করলে বর্ণিত ৬টি শিক্ষা প্রতিষ্ঠানকে যথাযথ প্রক্রিয়ায় বিল প্রদান করা হয়।

সহকারী প্রোগ্রামারকে ইউনিয়ন ডিজিটাল সেন্টারসহ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করে নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিলের জন্য পুন: অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ইউডিসি পরিদর্শন ও সেবা প্রদান | ডিজিটাল সেন্টার পরিদর্শন ও প্রতিবেদন সংক্রান্ত আলোচনা হয়। ডিজিটাল সেন্টারগুলোতে নতুন ও উদ্ভাবনীমুলক সেবা প্রদানে উদ্যোক্তাদের আরও সচেষ্ট ও উদ্যোগী হওয়া প্রয়োজন। | নিয়মিত ইউডিসি পরিদর্শনের করতে হবে। ডিজিটাল সেন্টারগুলোতে নতুন ও উদ্ভাবনীমুলক সেবা চালু করতে হবে। | ক) উপজেলা নির্বাহী অফিসার।<br>খ) সহকারী প্রোগ্রামার<br>গ) সংশ্লিষ্ট ডিজিটাল সেন্টার উদ্যোক্তা। |
| ২ | "সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প"এর আওতায় কম্পিউটার ও আইটি সরঞ্জাম স্থাপন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের "সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প"এর কম্পিউটার ও আইটি সরঞ্জাম স্থাপনের কাজ শেষ হয়েছে। সদর উপজেলার ৬টি শিক্ষা প্রতিষ্ঠান এর আওতায় রয়েছে। | কম্পিউটার ও আইটি বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানে সহযোগীতা করতে হবে। | ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>খ) সহকারী প্রোগ্রামার<br>গ) সংশ্লিষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| ৩ | ইউডিসি উদ্যোক্তাদের মনিটরিং টুলে প্রতিবেদন আপলোড | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মনিটরিং টুলে যে সব উদ্যোক্তা নিয়মিত আপলোড করে তাদের ধন্যবাদ জানানো হয়। (ইউডিসি মনিটরিং টুলের গতমাসের প্রতিবেদন ছক- ক দ্রষ্টব্য।) | সহকারী প্রোগ্রামার ইউনিয়ন ডিজিটাল সেন্টারে নিয়মিত তথ্য আপলোড হচ্ছে কিনা তা তদারকি করবেন। | ক) সহকারী প্রোগ্রামার<br>খ) সকল ইউডিসি উদ্যোক্তা |
| ৪ | ড্যাশবোর্ডে মাল্টিমিডিয়া ক্লাশরুমের অগ্রগতি | শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের দ্বারা ডিজিটাল কনটেন্ট তৈরী করে আধুনিক শিক্ষা কার্যক্রমকে অগ্রসর করার লক্ষ্যে মাল্টিমিডিয়া ক্লাশরুম মনিটরিং (http://mmc.e-service.gov.bd) এর জন্য নিয়মিত তদারকি করার বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ড্যাশবোর্ডে মাল্টিমিডিয়া ক্লাশরুমের অগ্রগতি নিয়মিত তদারকি করবেন এবং পরবর্তী সভায় তা উপস্থাপন করবেন। | ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>খ) সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| ৫ | ওয়েব পোর্টাল হালনাগাদ | উপজেলা ওয়েব পোর্টাল ও ওয়েব পোর্টালে সংযুক্ত অফিস সমুহের তথ্য হালনাগাদ করণের ব্যাপারে আলোচনা করা হয়। | উপজেলা ওয়েব পোর্টালে সংযুক্ত অফিস সমুহ তাদের নিজ দায়িত্বে তথ্য সমুহ হালনাগাদ করবে। সহকারী প্রোগ্রামার ও উপজেলা টেকনিশিয়ান হালনাগাদ করণের সহযোগীতা করবে। | উপজেলা ওয়েব পোর্টালে সংযুক্ত অফিস সমুহ |

# দিনাজপুর সদর উপজেলার **UDC** প্রতিবেদন (মাসঃ এপ্রিল/২০১৭খ্রিঃ)

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | আপলোড করেছে (দিন) | মোট আয় (টাকা) | সেবা গ্রহীতা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | অন্যান্য | মোট | |
| ০১ | ১ নং চেহেলগাজী | ৩০ | ১২,৮০৪/- | ১২১ | ১০৩ | ০০ | ২২৪ | সন্তোষজনক |
| ০২ | ২নং সুন্দরবন | ২৬ | ৯,৮৪৯/- | ২২৬ | ১৪৪ | ০৪ | ৩৭৪ | সন্তোষজনক |
| ০৩ | ৩নং ফাজিলপুর | ৩০ | ১১,৩৩০/- | ১৮৫ | ৫২ | ০৪ | ২৪১ | সন্তোষজনক |
| ০৪ | ৪নং শেখপুরা | ২৯ | ১৩,৪৩৩/- | ১২২ | ৬৪ | ০০ | ১৮৬ | সন্তোষজনক |
| ০৫ | ৫ নং শশরা | ২২ | ১২,৪৪০/- | ৯৩ | ৬২ | ০০ | ১৫৫ | মোটামুটি সন্তোষজনক |
| ০৬ | ৬নং আউলিয়াপুর | ২৪ | ৪১,০৭০/- | ১২০ | ৭৪ | ০০ | ১৯৪ | মোটামুটি সন্তোষজনক |
| ০৭ | ৭নং উথরাইল | ৩০ | ১৮,৮৬৪/- | ২৪৯ | ৮৯ | ০০ | ৩৩৮ | সন্তোষজনক |
| ০৮ | ৮নং শংকরপুর | ২৬ | ৮,২০০/- | ৪৬ | ১৫ | ০০ | ৬১ | সন্তোষজনক |
| ০৯ | ৯নং আস্করপুর | ৩০ | ১২,৫৮৫/- | ১০৩ | ১০০ | ০০ | ২০৩ | সন্তোষজনক |
| ১০ | ১০নং কমলপুর | ২৮ | ২২,৮৯১/- | ৮১ | ৫২ | ০১ | ১৩৪ | সন্তোষজনক |

১. যারা শতভাগ আয়ের তথ্য আপলোড করেনি তাদেরকে বিনা ব্যর্থতায় আগামী মাস হতে শতভাগ তথ্য আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
২. ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য বলা হলো।
৩. আয়ের বিভিন্ন ক্ষেত্র তৈরী করার জন্য বলা হলো।
৪. ইনোভেশন কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করার জন্য বলা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্হিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আব্দুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭৬৪.০০০.১১.০০১.১৭- তারিখ ঃ মে, ২০১৭ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে ঃ**

১। মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৩ ও উপদেষ্টা, উপজেলা তথ্য ও প্রযুক্তি (আইসিটি) কমিটি, দিনাজপুর সদর, দিনাজপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি), দিনাজপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। উপজেলা ......................................................... অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর
৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক .................................................... কলেজ/উচ্চ বিদ্যালয়, সদর, দিনাজপুর।
৭। জনাব/বেগম .............................................................. দিনাজপুর সদর, দিনাজপুর।
৮। জনাব/বেগম ......................................... ও উদ্যোক্তা .........নং ............................ ইউ.পি, সদর, দিনাজপুর।
৯। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।

# পরিশিষ্ট-'ক'

| সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ | | স্বাক্ষরিত (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|---|
| ১। | সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদর, দিনাজপুর। | ” |
| ২। | উপজেলা মাধ্যমি শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | ” |
| ৩। | উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | ” |
| ৪। | উপজেলা শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | ” |
| ৫। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | ” |
| ৬। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | ” |
| ৭। | ইন্সট্রাক্টর, ইউ.আর.সি, রাজবাটী, দিনাজপুর | ” |
| ৮। | অধ্যক্ষ, নুরাজাহান কামিল মাদ্রাসা, দিনাজপুর। | ” |
| ৯। | অধ্যক্ষ, চেহেলগাজী শিক্ষা নিকেতন স্কুল এন্ড কলেজ, দিনাজপুর। | ” |
| ১০ | অধ্যক্ষ, চেহেলগাজী মহাবিদ্যালয়, দিনাজপুর। | ” |
| ১১। | প্রধান শিক্ষক, দিনাজপুর সরকারী বালিকা উঃ বিদ্যালয়, দিনাজপুর | ” |
| ১২। | প্রধান শিক্ষক, দিনাজপুর উচ্চ বিদ্যালয়, দিনাজপুর | ” |
| ১৩। | প্রধান শিক্ষক, দিনাজপুর জুবলি উচ্চ বিদ্যালয়, দিনাজপুর। | ” |
| ১৪। | প্রধান শিক্ষক, গোদাগাড়ী উচ্চ বিদ্যালয়, দিনাজপুর। | ” |
| ১৫। | প্রধান শিক্ষক, সাদেশ্বরী বালিকা উচ্চ বিদ্যালয়, সদর, দিনাজপুর | ” |
| ১৬ | প্রধান শিক্ষক, মহারাজা গিরিজানাথ উচ্চ বিদ্যালয়, সদর, দিনাজপুর | ” |
| ১৭। | প্রধান শিক্ষক, ইকবাল উচ্চ বিদ্যালয়, সদর, দিনাজপুর | ” |
| ১৮। | প্রধান শিক্ষক, রামডুবিহাট উচ্চ বিদ্যালয়, সদর, দিনাজপুর | ” |
| ১৯। | অধ্যক্ষ, রাণীগঞ্জ হাইস্কুল এন্ড কলেজ, সদর, দিনাজপুর এর প্রতিনিধি | ” |
| ২০। | উদ্যোক্তা, ১নং চেহেলগাজী ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ” |
| ২১। | উদ্যোক্তা, ২নং সুন্দরবন ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ” |
| ২২। | উদ্যোক্তা,৩নং ফাজিলপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ” |
| ২৩। | উদ্যোক্তা, ৪নং শেখপুরা ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ” |
| ২৪। | উদ্যোক্তা, ৫নং শশরা ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ” |
| ২৫। | উদ্যোক্তা, ৬নং আউলিয়াপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ” |
| ২৬। | উদ্যোক্তা, ৭নং উথরাইল ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ” |
| ২৭। | উদ্যোক্তা, ৮নং শংকরপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ” |
| ২৮। | উদ্যোক্তা, ৯নং আস্করপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ” |
| ২৯। | উদ্যোক্তা, ১০নং কমলপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ” |